সমকাল

তারিখ: 28 DEC 2016
পৃষ্ঠা ৬ কলাম ২

# ত্রিশালের ৮৩ প্রাথমিক স্কুলে নেই প্রধান শিক্ষক

## ব্যাহত হচ্ছে প্রশাসনিক ও শিক্ষা কার্যক্রম

■ ত্রিশাল (ময়মনসিংহ) প্রতিনিধি

ত্রিশাল উপজেলার ১৮০ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৮৩টিতে প্রধান শিক্ষক নেই। অবসর গ্রহণ, অন্যত্র বদলি ও মৃত্যুজনিত কারণে পদগুলো শূন্য রয়েছে। দীর্ঘদিন ধরে প্রধান শিক্ষক না থাকায় বিদ্যালয়গুলোয় প্রশাসনিক ও শিক্ষা কার্যক্রম ব্যাহত হচ্ছে।

উপজেলার ১২টি ইউনিয়ন ও একটি পৌরসভায় ১৮০টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এর মধ্যে ৮৩টিতে প্রধান শিক্ষক নেই ও সহকারী শিক্ষকের পদ শূন্য আছে ৪৮টিতে। শিক্ষক সংকটে ব্যাহত হচ্ছে প্রশাসনিক ও শিক্ষা কার্যক্রম। এ ছাড়া কুষ্টিয়া দ্বিতীয় খণ্ড, চরমাধাখালী, চরমাধাখালী নতুন চর, ধলা নামাপাড়া, অলহরি দুর্গাপুর, খাগাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে মাত্র দুই থেকে তিনজন শিক্ষক দিয়ে চলছে পাঠদান। প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষক সংকটের ফলে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার মান ও পরিবেশ নষ্ট হচ্ছে। শিক্ষার্থী ও অভিভাবকরা বিমুখ হয়ে ঝুঁকছেন কিন্ডারগার্টেনগুলোয়। দ্রুত এ অবস্থা নিরসনে প্রধান শিক্ষক ও শূন্যপদ পূরণের দাবি করা হচ্ছে উপজেলা শিক্ষা অফিস ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে।

উপজেলা শিক্ষা কর্মকর্তা সৈয়দ আহমদ জানান, দ্রুত সময়ের মধ্যে প্রধান শিক্ষক পদে নিয়োগ না দিলে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম ব্যবস্থা চরমভাবে ব্যাহত হবে।